

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮

তারিখঃ ১৩ পৌষ ১৪২৫  
২৭ ডিসেম্বর ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখ-২৯ নভেম্বর ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ব্যাংক-কোম্পানীসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, স্থাপনা ভাড়া বা ইজারা গ্রহণ ও নবায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন দাখিলের পদ্ধতি বর্ণনা করা হয়েছে। উক্ত সার্কুলারে ব্যবসা কেন্দ্র হিসেবে ব্যাংক শাখা, এসএমই/কৃষি শাখা, বুথ (কালেকশন বুথ ও ইলেক্ট্রনিক বুথ) এবং ব্যবসা উন্নয়ন কেন্দ্র অন্তর্ভুক্ত রয়েছে।

৩। এ ক্ষেত্রে, বাংলাদেশে ব্যাংক ব্যবসার প্রসার, ব্যাংকিং-সুবিধা বর্ধিত জনগণের নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া এবং স্বল্প-ব্যয়ী ব্যাংকিং সেবা আউটলেট এর মাধ্যমে অধিকতর আর্থিক সেবাভুক্তির লক্ষ্যে ব্যাংকের ব্যবসা কেন্দ্রের মধ্যে “ব্যাংকিং বুথ” অন্তর্ভুক্ত করা হলো। ব্যাংকিং বুথ নিম্নলিখিত শর্তাধীনে পরিচালিত হবে:

- ৩.১। “ব্যাংকিং বুথ” বলতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত নীতি-পদ্ধতির আলোকে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা প্রদানের জন্য ব্যাংকের কোন পূর্ণাঙ্গ শাখার নিয়ন্ত্রণে পরিচালিত স্বল্প-ব্যয়ী ব্যবসা কেন্দ্র-কে বুঝাবে;
- ৩.২। ব্যাংকিং বুথ নিকটস্থ পূর্ণাঙ্গ শাখার নিয়ন্ত্রণে পরিচালিত হবে;
- ৩.৩। উক্ত ব্যবসা কেন্দ্রের জন্য “ব্যাংকিং বুথ” যুক্ত যে কোন সুবিধাজনক বা উপযুক্ত নাম ব্যবহার করা যাবে;
- ৩.৪। ব্যাংকিং বুথের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং নিরাপত্তাসহ বুথ স্থাপনা ব্যাংকের পূর্ণ নিয়ন্ত্রণাধীন থাকবে;
- ৩.৫। ব্যাংকিং বুথের ফ্লোর স্পেস হবে অনধিক ১০০০ বর্গফুট;
- ৩.৬। ব্যাংকিং বুথের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ন্যূনতম ২ জন কর্মকর্তা নিযুক্ত করতে হবে;
- ৩.৭। ব্যাংকিং বুথ স্বল্প-ব্যয়ী ব্যাংকিং সেবা আউটলেট হিসেবে গণ্য হবে। সে বিবেচনায়, প্রচলিত শাখা স্থাপনের জন্য নির্ধারিত বিভিন্ন ব্যয়সীমার চেয়ে ব্যাংকিং বুথ স্থাপনের ব্যয় এবং প্রচলিত শাখা কর্তৃক প্রদত্ত ব্যাংকিং সেবার জন্য নির্ধারিত ফি, চার্জ, কমিশনের চেয়ে ব্যাংকিং বুথে সেবা প্রদানের ফি, চার্জ, কমিশন ইত্যাদি কম বৈ বেশী হবে না;
- ৩.৮। ব্যাংকিং বুথ কর্তৃক খোলা যে কোন ব্যাংক হিসাব নিয়ন্ত্রণকারী শাখার হিসাব হিসেবে গণ্য হবে। হিসাব খোলার ক্ষেত্রে KYC সহ প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ৩.৯। ব্যাংকিং লেনদেনসহ ব্যাংকিং বুথের সামগ্রিক লেনদেন নিয়ন্ত্রণকারী শাখার বুকস্ অব একাউন্টসে অন্তর্ভুক্ত হবে;
- ৩.১০। ব্যাংকিং বুথের ক্যাশ ইন ট্রানজিট ও ক্যাশ অন কাউন্টার এর পূর্ণ বীমা আচ্ছাদন নিশ্চিত করতে হবে। নগদ অর্থ ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টস্ ব্যাংকিং বুথে সংরক্ষণের ক্ষেত্রে ভল্ট স্থাপন করা যেতে পারে। ভল্ট স্থাপন করা হলে, বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ-৫ জুলাই ২০১৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮, তারিখ-২১ জুলাই ২০১৬ অনুযায়ী ভল্টের নিরাপত্তা এবং সংরক্ষিত অর্থের বীমা আচ্ছাদন নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, ব্যাংকিং বুথের ভল্ট নিয়ন্ত্রণকারী শাখার ভল্ট হিসেবে গণ্য হবে;
- ৩.১১। ব্যাংকিং বুথের সকল ব্যাংকিং লেনদেন Real time basis এ সম্পাদিত হবে এবং গ্রাহকগণকে তাৎক্ষণিকভাবে এসএমএস এবং প্রিন্ট রশিদ প্রদান করতে হবে;

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

- ৩.১২। ব্যাংকিং বুথে প্রদত্ত ব্যাংকিং সেবার পরিসর এবং যে কোন লেনদেনের উর্ধ্বসীমা ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- ৩.১৩। এ ধরনের বুথে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না;
- ৩.১৪। ব্যাংকিং বুথকে বাংলাদেশ ব্যাংকের আইসিসি গাইডলাইস এবং সংশ্লিষ্ট নির্দেশনার আলোকে ব্যাংকের নিরীক্ষা কার্যক্রমের অন্তর্ভুক্ত রাখতে হবে;
- ৩.১৫। মানি লন্ডারিং ঝুঁকি এড়ানোর জন্য প্রচলিত বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩.১৬। ব্যাংকিং বুথের সেবা প্রদান সময় হবে স্বাভাবিক ব্যাংকিং সময়। তবে, বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করে ব্যাংক তার ব্যবসা ও গ্রাহক সেবার স্বার্থে অন্য সময়েও ব্যাংকিং বুথ খোলা রাখতে পারবে;
- ৩.১৭। নিরবচ্ছিন্ন ব্যাংকিং সেবা নিশ্চিত করার জন্য ব্যাংকিং বুথে পর্যাপ্ত নিরাপত্তা সম্বলিত তথ্য-প্রযুক্তি কাঠামো থাকতে হবে;
- ৩.১৮। ব্যাংকিং বুথে প্রদেয় সেবাসমূহের একটি তালিকা সহজে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে;
- ৩.১৯। গ্রাহক কর্তৃক যে কোন অভিযোগ দাখিল করার জন্য যথাযথ ব্যবস্থা থাকতে হবে এবং দাখিলকৃত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে;
- ৩.২০। ব্যাংকিং বুথের মূল অনুমোদনপত্র অথবা তার সত্যায়িত কপি সংশ্লিষ্ট ব্যাংকিং বুথে সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন করতে হবে;
- ৩.২১। ব্যাংকের নাম, নিয়ন্ত্রণকারী শাখার নাম এবং ব্যাংক প্রদত্ত “ব্যাংকিং বুথ” যুক্ত নামের সাইনবোর্ড ব্যাংকিং বুথের বাইরে সহজে দৃশ্যমান হয় এমন স্থানে স্থাপন করতে হবে;
- ৩.২২। ব্যাংকিং বুথ স্থাপনের ক্ষেত্রে আর্থিক অন্তর্ভুক্তির বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করতে হবে;
- ৩.২৩। বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে নতুন ব্যাংকিং বুথ চালু ও বিদ্যমান ব্যাংকিং বুথ স্থানান্তর বা বন্ধ করা যাবে না। ব্যাংকিং বুথের স্থাপনা ভাড়ার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখ-২৯ নভেম্বর ২০১২ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনাবলী প্রযোজ্য হবে;
- ৩.২৪। যে কোন দূর্যোগপূর্ণ/বিরূপ পরিস্থিতি মোকাবেলার জন্য ব্যবসা চলমান পরিকল্পনা (Business continuity plan) অবশ্যই থাকতে হবে; এবং
- ৩.২৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বাংলাদেশ ব্যাংক ব্যাংকিং বুথের অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৪। নতুন ব্যাংকিং বুথ স্থাপন: ব্যাংকিং বুথ স্থাপনের জন্য নির্দিষ্ট ছকে (সংযোজনী ‘ছ’) পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে আবেদন করতে হবে।

৫। ব্যাংকিং বুথ স্থানান্তর: ব্যাংকিং বুথ স্থানান্তরের প্রয়োজন হলে ব্যাংকসমূহকে নির্দিষ্ট ছকে (সংযোজনী ‘জ’) পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। স্থানান্তরের জন্য অনুমোদিত বুথটি অনুমোদনের তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে স্থানান্তর করতে হবে, অন্যথায় অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

৬। ব্যাংকিং বুথ বন্ধকরণ: কোন ব্যাংকিং বুথ বন্ধ করার প্রয়োজনীয়তা দেখা দিলে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তক্রমে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রে ব্যাংকিং বুথ বন্ধকরণের কারণ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২।

## ব্যাংকিং বুথ স্থাপন সংক্রান্ত তথ্যাদি

১. ব্যাংক-কোম্পানীর নাম :

২. বিদ্যমান বুথের সংখ্যা :

ব্যাংকিং বুথ	কালেকশন বুথ	ইলেকট্রনিক বুথ

৩. প্রস্তাবিত বুথের ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) :

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে)	ভবনের নাম (যদি থাকে)
হোল্ডিং নম্বর	গ্রাম/এলাকা
সড়ক নম্বর (যদি থাকে)	দাগ নম্বর
সড়কের নাম (যদি থাকে)	খতিয়ান নম্বর
ওয়ার্ড নম্বর	মৌজার নাম
সিটি কর্পোরেশন/পৌরসভা	ইউনিয়ন
থানা	থানা
জেলা	জেলা

৪. প্রস্তাবিত বুথের আওতাধীন এলাকার বিবরণ :

৪.১ আওতাধীন এলাকার আনুমানিক পরিধি (বর্গকিলোমিটারে)

৪.২ আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংকের একই ধরনের বুথের নাম ও দূরত্ব

৫. নিয়ন্ত্রণকারী শাখার নাম ও দূরত্ব:

৬. ৬.১ প্রস্তাবিত বুথের জন্য নির্বাচিত ভবনটি বুথ স্থাপনের উপযুক্ত কি-না :

৬.২ নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ:

৭. প্রস্তাবিত বুথের জন্য ভবন ভাড়ার বিবরণ :

৭.১ ফ্লোর স্পেসের আয়তন

৭.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া

৭.৩ অন্যান্য চার্জ

৭.৪ অগ্নিমের পরিমাণ

৭.৫ ভাড়া বৃদ্ধির হার

৭.৬ ভাড়ার মেয়াদ

৮. প্রস্তাবিত বুথের সম্ভাব্য লোকবল :

৯. প্রস্তাবিত বুথ খোলার ব্যয় :

(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ:

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, সীলমোহর)

## ব্যাংকিং বুথ স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি

১. ব্যাংক-কোম্পানীর নাম :

২. বুথ স্থাপনের অনুমোদন সূত্র ও তারিখ :

৩. বুথের নাম ও ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) : বর্তমান প্রস্তাবিত

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে)	ভবনের নাম (যদি থাকে)
হোল্ডিং নম্বর	গ্রাম/এলাকা
সড়ক নম্বর (যদি থাকে)	দাগ নম্বর
সড়কের নাম (যদি থাকে)	খতিয়ান নম্বর
ওয়ার্ড নম্বর	মৌজার নাম
সিটি কর্পোরেশন/পৌরসভা	ইউনিয়ন
থানা	থানা
জেলা	জেলা

৪. বর্তমান ভবন হতে প্রস্তাবিত ভবনের দূরত্ব :

৫. ৫.১ প্রস্তাবিত ভবনটি বুথ স্থাপনের উপযুক্ত কি-না :

৫.২ নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ :

৬. বুথ স্থানান্তরের জন্য ভবন ভাড়ার বিবরণ : বর্তমান প্রস্তাবিত

৬.১ ফ্লোর স্পেসের আয়তন

৬.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া

৬.৩ অন্যান্য চার্জ

৬.৪ অগ্নিমের পরিমাণ

৬.৫ ভাড়া বৃদ্ধির হার

৬.৬ ভাড়ার মেয়াদ

৭. বুথের লোকবল :

৮. বুথ স্থানান্তরের ব্যয় :

(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য
-----------	-----------------	-----------------------	---------

৯. বুথ স্থানান্তরের কারণ:

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ:

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)